

কুয়েটে শিক্ষক সমিতির আলটিমেটাম

লাঞ্ছনিক বিচার দাবি

খুলনা প্রতিনিধি

০৬ মে ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদের সময়



খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) শিক্ষকদের লাঞ্ছিত করার ঘটনায় জড়িতদের বিচারসহ বিভিন্ন দাবিতে সাত কার্যদিবসের আলটিমেটাম দিয়েছে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি। গতকাল সোমবার দুপুরে কুয়েট শিক্ষক সমিতির সাধারণ সভা শেষে প্রেস ব্রিফিংয়ে এসব দাবি জানান সমিতির নেতারা।

UNIBOTS

প্রেস ব্রিফিংয়ে লিখিত বক্তব্য পাঠ করেন কুয়েট শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক প্রফেসর ড. মো. ফারুক হোসেন। তিনি বলেন, শিক্ষক সমিতির সাধারণসভা অনুষ্ঠিত হয়েছে। সভায় পাঁচ দফা দাবির বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। দাবি বাস্তবায়ন না হলে শিক্ষকরা সকল প্রকার প্রশাসনিক কাজ থেকে বিরত থাকবেন।

সকালে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সঙ্গে মতবিনিময় করেন ভারপ্রাণ উপাচার্য প্রফেসর ড. হ্যারত আলী। সকাল সাড়ে ১০টার দিকে শুরু হয়ে কুয়েট অডিটরিয়ামে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত চলে সভা।

এদিকে বিকাল ৩টায় শিক্ষার্থীরা শিক্ষকদের কাছে ক্ষমা চেয়ে ভিসির মাধ্যমে শিক্ষকদের নিকট স্মারক লিপি প্রদান করেছেন।

উল্লেখ্য, গত ১৮ ফেব্রুয়ারি রাজনীতি নিষিদ্ধের দাবিতে সংঘর্ষের ঘটনায় ২৫ ফেব্রুয়ারি কুয়েট বন্ধ ঘোষণা করা হয়। সেই থেকে কুয়েটে অচলাবস্থার সৃষ্টি। এরপর শিক্ষার্থীদের এক দফা আন্দোলন ও আমরণ অনশনের পরিপ্রেক্ষিতে ২৫ এপ্রিল উপাচার্য ও উপ-উপাচার্যকে অপসারণ করে সরকার। ১ মে ভারপ্রাণ উপাচার্য হিসেবে চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (চুয়েট) পুরকৌশল বিভাগের প্রফেসর ড. মো. হ্যারত আলীকে নিয়োগ দেওয়া হয়। এর আগে সিভিকেটের সিদ্ধান্ত অনুযায়ী ৪ মে থেকে ক্লাস শুরু কথা থাকলেও একাডেমিক কার্যক্রমে ফেরেননি শিক্ষকরা। ছাত্রদের হাতে শিক্ষক লাঞ্ছিতের বিচার না পাওয়া পর্যন্ত ক্লাসে ফিরবেন না তারা^N একাধিক সূত্র জানিয়েছে।